# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

**B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DEC 2014**

**SECOND YEAR**

**BENGALI (Honours)**

Paper : III

Date : 17/12/2014

Time : 11 am – 3 pm

Full Marks : 100

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট।**

**২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## বিভাগ - ক

১। ''সমসাময়িক যাত্রাগানের কদর্যতা ও নাটকের দুরবস্থা দেখিয়া মধুসূদন নাটক লিখিবার প্রেরণা লাভ করিয়াছিলেন।''—সমালোচকের এই মন্তব্যের ভিত্তিতে একথা বলা যায় কি যে মধুসূদন দত্ত বাংলা নাটক সাহিত্যকে নতুন পথের সন্ধান দিয়েছিলেন? তোমার মতামত ব্যাখ্যা করো। (১১)

**অথবা**

সার্ধ-শতবর্ষে দ্বিজেন্দ্রলাল রায়ের নাট্যপ্রতিভার মূল্যায়ন করো।

২। টীকা লেখো (যেকোন **একটি**) ঃ (১ × ৪)

নীলদর্পণ, নরনারায়ণ।

৩। ''সাজাহান নাটক নানা কাহিনীর সমবায়ে গঠিত''—'সাজাহান' নাটক গঠনের দিক দিয়ে 'নানা কাহিনীর সমবায়ে' সার্থক রূপ লাভ করেছে কি? তোমার মতামত জানাও। (১১)

**অথবা**

'সাজাহান' নাটকের নায়ক হিসেবে তুমি কাকে নির্বাচন করবে? ব্যাখ্যা দাও।

৪। যেকোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)

ক) ''তুমি একজন দার্শনিক দেখছি যুবক!''— কে, কার উদ্দেশে বলেছে? কেন বলেছে? (১ + ১ + ১)

খ) ''পৃথিবীর কি অন্তিম সময় ঘনিয়ে এসেছে!''— কে, কার উদ্দেশে বলেছে? কোন প্রসঙ্গে বলেছে? (১ + ১ + ১)

৫। ''দুই শক্তি জয়সিংহকে দুই দিক হতে আকর্ষণ করতে লাগল।''— 'দুই শক্তি'-র বিপরীতমুখী আকর্ষণে 'বিসর্জন' নাটকে জয়সিংহ সবচেয়ে বেশি মানসিক যন্ত্রণায় বিদ্ধ হয়েছে। তুমি কী এই মত সমর্থন করো? ব্যাখ্যা দাও। (১১)

**অথবা**

'বিসর্জন' নাটকের উৎসর্গপত্রে রবীন্দ্রনাথ লিখেছিলেন 'লিরিকের বড়ো বাড়াবাড়ি'। নাটকের সংলাপ সম্পর্কে এই অভিযোগ কতখানি গ্রহণযোগ্য হতে পারে? ব্যাখ্যা করো।

৬। যেকোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)

ক) ''আজ সেই তুই / সেই বুকে ছুরি দিবি?''— কে বলেছেন? কাকে বলেছেন? কোন প্রসঙ্গে বলেছেন? (১ + ১ + ১)

খ) ''হায় অকৃতজ্ঞ, দেবী তোর / কী করেছে?''— কে, কার উদ্দেশে প্রশ্ন করেছেন? কেন এই প্রশ্ন করা হয়েছে? (২ + ১)

৭। বিহারীলাল সম্পর্কে সমালোচকের অভিমত ‘আধুনিক বাঙ্গালা অন্তরঙ্গ গীতিকাব্যের প্রবর্তক তিনিই’। বিহারীলাল সম্পর্কে এই মন্তব্য কতখানি যথাযথ হয়েছে বলে তুমি মনে করো? ব্যাখ্যা দাও। (১১)

**<u>অথবা</u>**

‘যুগ-সন্ধিক্ষণ’ বলতে কী বোঝো? কবি ঈশ্বর গুপ্তকে কেন যুগ-সন্ধিক্ষণের কবি বলা হয়? তাঁর কবি-কৃতির মূল্যায়ন করো।

৮। যেকোন **<u>একটি</u>** কাব্যগ্রন্থ সম্পর্কে আলোচনা করো ঃ (১ × ৪)

বীরাঙ্গনা, পলাশীর যুদ্ধ

৯। ‘বিশ্ব-আমির রচনার আসরে’ ‘আমি’-র ‘পুলকিত’ হয়ে ওঠার কারণ কী? আলোচনা করো। (১১)

**<u>অথবা</u>**

“সে কবির বাণী-লাগি কান পেতে আছি।”— কোন কবির ‘বাণী’-র জন্য এবং কেন রবীন্দ্রনাথ প্রতীক্ষা করছেন? আলোচনা করো।

১০। যেকোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)

ক) “তোমার শেষ গল্পের বইটি পড়েছে, শরৎবাবু”— কোন কবিতার পংক্তি? ‘বইটি’-র নাম কী? গল্পের নায়িকার কী হয়েছিল? (১ + ১ + ১)

খ) “চারিদিকে বাঁকা জল করিছে খেলা।”— কোন কবিতার অংশ? ‘পরপারে’ এবং ‘এপারে’ কী কী ছিল? কোন সময়ের বর্ণনা দিয়েছেন কবি? (১ + ১ + ১)

১১। ‘দিদি-হারা’ কবিতায় অনুভূতিপ্রবণ শিশুমনের ছবিটি যেভাবে কবি তুলে ধরেছেন তা ব্যাখ্যা করো। (১১)

**<u>অথবা</u>**

‘পল্লী কবি’ কবিতায় প্রকৃতিঘনিষ্ঠ জীবনের কোন ছবি তুমি পেয়েছ, আলোচনা করো।

১২। যেকোন **<u>একটি</u>** প্রশ্নের উত্তর দাও ঃ (১ × ৩)

ক) “ভুলে যাই হট্টগোল অট্টহাসি-কলরোল,
ম্লান মুখ কখনো না ভুলি।”

—কোন কবিতার অংশ এবং কবি কে? কাদের, কেন ‘ম্লানমুখ’? (১ + ২)

খ) “নিঝুম মধ্যাহ্নকাল, অলস স্বপন-জাল
রচিতেছি অন্যমনে হৃদয় ভরিয়া।”

—কার, কোন কবিতার অংশ? কবিতায় ‘নিঝুম মধ্যাহ্নকাল’-এর কেমন বর্ণনা পাওয়া যায়? (১ + ২)

# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA
(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.Sc. THIRD SEMESTER EXAMINATION, DEC 2014
SECOND YEAR
BENGALI (Honours)
Paper : III

Date : 17/12/2014
Time : 11 am – 3 pm
Full Marks : 100

**Roll No.......................................**

**বিভাগ 'খ' এর উত্তর নির্দিষ্ট উত্তরপত্রের মধ্যে দেওয়ার জন্য ছাত্ররা সময় পাবে পরীক্ষা শুরুর প্রথম ২৫ মিনিট।**

**২৫ মিনিট পর পরীক্ষা-পরিদর্শকরা বিভাগ 'খ' এর উত্তরপত্র সংগ্রহ করবেন ছাত্রদের কাছ থেকে।**

## বিভাগ - খ

সঠিক উত্তরটির পাশে (✓) চিহ্ন বসাও ঃ— (০.৫ × ২৮)

১। 'জীবাণু' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) অ + অ খ) অ + আ গ) আ + অ ঘ) আ + আ

২। 'প্রাতরাশ' শব্দের সন্ধি বিচ্ছেদ হল—
ক) প্রাত + রাশ খ) প্রাতঃ + রাশ গ) প্রাতঃ + আশ ঘ) প্রাত + আশ

৩। 'মুনি + ইন্দ্র'-এর সন্ধিযুক্ত রূপ হল—
ক) মুনিন্দ্র খ) মুনীন্দ্র গ) মনিন্দ্র ঘ) মনীন্দ্র

৪। 'পরীক্ষা' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) ই + ই খ) ই + ঈ গ) ঈ + ই ঘ) ঈ + ঈ

৫। ' নয়ন' শব্দের সন্ধি বিচ্ছেদ হল—
ক) নে + অয়ন খ) নে + অন গ) নৈ + অন ঘ) নৈ + অয়ন

৬। 'প্রশংসা' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) প্রশম্ + সা খ) প্রশং + সা গ) প্রশন্ + সা ঘ) প্রসম্ + শা

৭। 'দুঃ + অবস্থা'-এর সন্ধিযুক্ত রূপ হল—
ক) দূরবস্থা খ) দূরাবস্থা গ) দুরাবস্থা ঘ) দুরবস্থা

৮। 'জনৈক' শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) অ + এ খ) আ + এ গ) অ + ঐ ঘ) আ + ঐ

৯। 'বৃহস্পতি' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) বৃহ + পতি খ) বৃহস্ + পতি গ) বৃহৎ + পতি ঘ) বৃহ + স্পতি

১০। 'আশ্চর্য' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) আঃ + চর্য খ) আ + চর্য গ) আ + চার্য ঘ) আঃ + চার্য

১১। 'নিঃ + রোগ'-এর সন্ধিযুক্ত রূপ হল—
ক) নিরোগ খ) নিঃরোগ গ) নীঃরোগ ঘ) নীরোগ

১২। 'গবাক্ষ' শব্দের সন্ধিবিচ্ছেদ হল—
ক) গব + অক্ষ খ) গবা + অক্ষ গ) গো + বক্ষ ঘ) গো + অক্ষ

১৩। ‘বাক্ + ঈশ্বরী’-এর সন্ধিযুক্ত রূপ হল—
ক) বাগেশ্বরী খ) বাগীশ্বরী গ) বাগিশ্বরী ঘ) বাগেশ্বরি

১৪। ‘মন্বন্তর’ শব্দে কোন্ কোন্ বর্ণে সন্ধি হয়েছে?
ক) উ + আ খ) ঊ + অ গ) উ + অ ঘ) ঊ + আ

১৫। ‘অনাথ’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—
ক) অনাথিনী খ) অনাথীনি গ) অনাথা ঘ) অনাথী

১৬। ‘হস্তী’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—
ক) হস্তিনি খ) হস্তিনী গ) হস্তীনি ঘ) হস্তীনী

১৭। ‘নিরপরাধ’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—
ক) নিরপরাধা খ) নিরপরাধী গ) নিরাপরাধা ঘ) নিরপরাধিনী

১৮। ‘আয়া’ শব্দের পুংলিঙ্গ হল—
ক) চাকর খ) কিঙ্কর গ) খানসামা ঘ) সেবক

১৯। ‘সন্ন্যাসী’ শব্দের স্ত্রীলিঙ্গ হল—
ক) সন্নাসিনী খ) সন্ন্যাসিনী গ) সন্নাসীনি ঘ) সন্ন্যাসীনি

২০। ‘শিক্ষক’ শব্দের বহুবচন হল—
ক) শিক্ষকরাজি খ) শিক্ষকসমূহ গ) শিক্ষকমণ্ডলী ঘ) শিক্ষককুল

২১। ‘দ্বীপ’ শব্দের বহুবচন হল—
ক) দ্বীপশ্রেণি খ) দ্বীপপুঞ্জ গ) দ্বীপগুলি ঘ) দ্বীপমালা

২২। ‘নেতা’ শব্দের বহুবচন হল—
ক) নেতৃসমূহ খ) নেতৃকুল গ) নেতৃরাশি ঘ) নেতৃবর্গ

২৩। ‘পর্বত’ শব্দের বহুবচন হল—
ক) পর্বতমালা খ) পর্বতগুলি গ) পর্বতসমূহ ঘ) পর্বতরাশি

২৪। ‘পুষ্প’ শব্দের বহুবচন হল—
ক) পুষ্পমালা খ) পুষ্পরাশি গ) পুষ্পরাজি ঘ) পুষ্পশ্রেণি

২৫। ‘শরীর’ শব্দের পদান্তর হল—
ক) শারিরিক খ) শারীরিক গ) শারিরীক ঘ) শারীরীক

২৬। ‘অভিজাত’ শব্দের পদান্তর হল—
ক) আভিজাত্য খ) অভিজাত্য গ) আভিজাত্যতা ঘ) অভিজাততা

২৭। ‘উপনিবেশ’ শব্দের পদান্তর হল—
ক) উপনিবেশিক খ) ঔপনিবেশ গ) ঔপনিবেশিক ঘ) উপনিবেশিক

২৮। ‘অন্তর্ধান’ শব্দের পদান্তর হল—
ক) অন্তর্ধৃত খ) অন্তর্হিত গ) অন্তর্ধানী ঘ) অন্তহৃত